

মানসিক স্বাস্থ্য আইন, 1987-এর অধীনে আইনত অভিভাবক শংসাপত্র এবং অটিজম, সেরিভ্রাল পলসি, মানসিক জড়তা এবং বহুবিধ অক্ষমতা যুক্ত ব্যক্তির কল্যাণের জন্য জাতীয় অছি আইন, 1999

আরবিআই/2013-14/444

ডিবিওডি.নং.এলইজি.বিসি.84/09.07.005/2013-14

জানুয়ারি 13, 2014

সকল তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক
(আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কগুলি বাদে)
প্রিয় মহাশয়/মহাশয়া,

মানসিক স্বাস্থ্য আইন, 1987-এর অধীনে আইনত অভিভাবক শংসাপত্র এবং অটিজম, সেরিভ্রাল পলসি, মানসিক জড়তা এবং বহুবিধ অক্ষমতা যুক্ত ব্যক্তির কল্যাণের জন্য জাতীয় অছি আইন, 1999

অনুগ্রহ করে আমাদের নভেম্বর 19, 2007 তারিখাঙ্কিত সার্কুলার ডিবিওডি.নং.এলইজি.বিসি **51/09.07.005/2007-08** দেখুন যার মাধ্যমে ব্যাঙ্কগুলিকে, অন্যান্য বিষয়ের সঙ্গে, আদেশ দেওয়া হয়েছে, অটিজম, সেরিভ্রাল পলসি, মানসিক জড়তা এবং বহুবিধ অক্ষমতা যুক্ত ব্যক্তির ব্যাঙ্ক এ্যাকাউন্ট খোলা/চালনা করার জন্য মানসিক স্বাস্থ্য আইন, 1987-এর অধীনে জেলা আদালত কর্তৃক জারি করা অথবা স্থানীয় স্তরের সমিতি কর্তৃক অটিজম, সেরিভ্রাল পলসি, মানসিক জড়তা এবং বহুবিধ অক্ষমতা যুক্ত ব্যক্তির কল্যাণের জন্য জাতীয় অছি আইন, 1999-এর অধীনে জারি করা অভিভাবক শংসাপত্রের ওপর নির্ভর করতে।

2. ব্যাঙ্ক এ্যাকাউন্ট খোলা/চালনা করার উদ্দেশ্যে উপরোক্ত সার্কুলারের অন্তর্ভুক্ত নির্দেশগুলির স্থলে নিম্নলিখিত নির্দেশগুলি প্রযোজ্য হবে:

- I. মানসিক স্বাস্থ্য আইন, 1987 মানসিকভাবে অসুস্থ ব্যক্তিদের চিকিৎসা, যত্ন, সম্পত্তি এবং কাজকর্ম সম্পর্কে আইনের ব্যবস্থা করে। উক্ত আইন অনুযায়ী, “মানসিকভাবে অসুস্থ” অর্থে এমন কোনও ব্যক্তিকে বোঝায় যার মানসিক জড়তা ছাড়া অন্য কোন মানসিক বৈকল্য জনিত কারণে চিকিৎসার প্রয়োজন। এই আইনের ধারা 53 এবং 54 মানসিকভাবে অসুস্থ ব্যক্তিদের জন্য অভিভাবক এবং কখনও কখনও তাঁদের সম্পত্তির ক্ষেত্রে পরিচালকও নিয়োগের ব্যবস্থা করে। মানসিক স্বাস্থ্য আইন, 1987-এর অধীনে জেলা আদালত এবং জেলার কালেক্টর অভিভাবক নিয়োগের অধিকারী।
- II. অটিজম, সেরিভ্রাল পলসি, মানসিক জড়তা এবং বহুবিধ অক্ষমতা যুক্ত ব্যক্তির কল্যাণের জন্য জাতীয় অছি আইন, 1999 কিছু বিশেষ অক্ষমতা সম্পর্কে আইনের ব্যবস্থা করে। এই আইনের বিভাগ 2-এর ধারা (j) অনুসারে “অক্ষমতামুক্ত ব্যক্তি” বলতে বোঝায় কোন ব্যক্তিকে যিনি অটিজম, সেরিভ্রাল পলসি, মানসিক জড়তা অথবা এইরকম কোন অবস্থায় অথবা একমুখে এইরকম অবস্থার যে কোনও দুটি বা তার বেশিতে এবং এমন কোন ব্যক্তি যিনি সাধাভিক রকমের বহুবিধ অক্ষমতায় ভুগছেন। এই আইন স্থানীয় স্তরের সমিতিতে ক্ষমতা দেয় অক্ষমতাসহ কোন ব্যক্তির জন্য একজন অভিভাবক নিয়োগ করার, যিনি অক্ষম ব্যক্তির জীবন এবং সম্পত্তির দেখাশুনা করবেন।
- III. ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হচ্ছে উপরোক্ত আইনগত দিকগুলি নজরে রাখতে এবং ব্যাঙ্ক এ্যাকাউন্ট খোলা/চালনা করার উদ্দেশ্যে যথা প্রযোজ্য আইনের অধীনে অভিভাবক নিয়োগ করার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা জারি করা আদেশ/শংসাপত্রের ওপর নির্ভর করতে এবং নির্দেশিত হতে। কোণও ধরনের সংশয় দেখা দিলে, যথাযথ আইনি পরামর্শ গ্রহণ করতে হবে।

3. ব্যাঙ্কগুলি এও নিশ্চিত করবে যে তাদের শাখাগুলি তাদের গ্রাহকদের সঠিক নির্দেশ দেবে যাতে অক্ষম ব্যক্তির অভিভাবক/পরিচালকগণ এই বিষয়ে কোনও অসুবিধার সম্মুখীন না হন।

আপনার বিশ্বস্ত,

(রাজেশ ভার্মা)

মুখ্য মহাপ্রবন্ধক